BELIEVERS EASTERN CHURCH

Office of the Metropolitan, Synod Secretariat, St.Thomas Community, Thiruvalla, Kerala, India.

পালকীয় পত্র

মার্চ/এপ্রিল 2023

সকল আর্চবিশপ এবং বিশপ, পুরোহিত এবং ডিকন ফাদারস, ইভাঞ্জেলিস্ট এবং অর্ডার অফ সিস্টারস এবং বিশ্বব্যাপী বিলিভার্স ইস্টার্ন চার্চের সমস্ত বিশ্বস্তদেরকে পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে আশীর্বাদ ও শুভেচ্ছা জানাই। আমেন!

খ্রীষ্টতে প্রিয়তমেরা,

পিতা, পুত্র এবং পবিত্র আত্মার ✝ নামে অনুগ্রহ, দয়া এবং শান্তি আপনাদের সহবর্তী হোক!

মহা লেন্টপর্ব হল পবিত্র মন্ডলীর সবচেয়ে গুরুত্বপূর্ণ কাল বা সময় যখন আমরা যীশুর সহিত তাঁর ক্রুশের মৃত্যু, সমাধী এবং পুনরুত্থানে যাত্রা করি।

এখন যেহেতু আমরা এই বছরের দুঃখভোগ পর্বের শেষ অংশে পৌঁচেছি, যাহা 'পবিত্র সপ্তাহ' নামে পরিচিত, যেটি ৩রা এপ্রিল হইতে শুরু হয় এবং ৯ই এপ্রিল ইস্টার সানডে দিয়ে সমাপ্ত হয়। আমি প্রার্থনা করি যে আপনারা এই ঋতুতে প্রার্থনা, উপবাস, এবং স্বেচ্ছায় আমাদের চারপাশে যারা রয়েছেন তাদের মধ্যে খ্রীষ্টকে উপস্থাপন করার মাধ্যমে প্রতিটি বিষয়ে আধ্যাত্মিকভাবে শক্তিশালী হয়েছেন।

এখন আমরা শীঘ্রই পবিত্র সপ্তাহে প্রবেশ করছি, আমি কি কিছু জিনিস সুপারিশ করতে পারি যেগুলো আমাদের মন্ডলীর সমস্ত বিশ্বাসীদের অবশ্যই করিতে হইবে।

প্রথমত : আপনার স্থানীয় মন্ডলীতে পবিত্র সপ্তাহের সমস্ত আরাধনাগুলিতে স্বেচ্ছায় অংশগ্রহণ করিতে মনোনীত করুন। পুনরুত্থানের রবিবারে আমরা পবিত্র প্রভু ভোজে অংশ গ্রহণ করিয়া আমাদের প্রভু যীশু খ্রীষ্টের পুনরুত্থানকে উদযাপন করি এবং আমাদের হৃদয়ে আনন্দ ও উল্লাসের সহিত একে অপরকে 'খ্রিস্ট উত্থিত' বলিয়া শুভেচ্ছা জ্ঞাপন করি।

দ্বিতীয়ত : পুনরুত্থিত খ্রীষ্টের প্রত্যাশার বার্তা অন্যদের কাছে প্রচার করার জন্য নিজেকে প্রতিশ্রুতিবদ্ধ করুন যাহা অভ্যন্তরীণ নিরাময় এবং পুনরুদ্ধার নিয়ে আসে। এই বার্তা প্রেরিত পৌল এবং প্রাথমিক মন্ডলীর চার্চ ফাদাররা ঘোষণা করেছিলেন এবং আমাদের কাছে হস্তান্তরিত করেছিলেন যেমনটি আমরা ১ম করিন্থীয় ১৫ অধ্যায় ৩—৪ পদের মধ্যে লক্ষ্য করি।

" ফলত : প্রথম স্থলে আমি তোমাদের কাছে এই শিক্ষা সমর্পন করিয়াছি এবং ইহা আপনিও পাইয়াছি যে শাস্ত্রানুসারে খ্রীষ্ট আমাদের পাপের জন্য মরিলেন ও কবর প্রাপ্ত হইলেন , আর শাস্ত্রানুসারে তিনি তৃতীয় দিবসে উত্থাপিত হইয়াছেন" ।

আপনি প্রতিদিন সময় নির্ধারণ করে আপনার সমাজের মধ্যে যারা দুঃখ ও হতাশার মধ্যে রয়েছে তাদের সান্ত্বনা দেওয়া, বাক্যে ও কর্মে দরিদ্র ও দুঃস্থদের যত্ন নেওয়া , সদয় এবং সহানুভূতিশীল হওয়া এবং অসুস্থদের জন্য প্রার্থনা করতে পারেন।

তৃতীয়ত : আপনি যদি আপনার পরিবারে, আশেপাশের বা কর্মস্থলে এমন কাউকে খুঁজে পান যাহারা

জীবনের কঠিন সংকটের মধ্যে ব্যতীত করছেন এবং তাদের বিশেষ প্রার্থনার প্রয়োজন, আপনি তাদেরকে একদিন গির্জায় আসার জন্য আমন্ত্রণ জানাতে পারেন , যেদিন আপনার যাজক তাদের জন্য প্রার্থনা করতে পারেন এবং তাদের আশা এবং পুনরুদ্ধার খুঁজে পেতে সাহায্য করতে পারেন। এবং মন্ডলীর ভাই ও বোনেরাও ঈশ্বরের প্রতিশ্রুতিতে বিশ্বাস ও আস্থার সহিত প্রার্থনা করার জন্য নিজ যাজকের সঙ্গে যোগ দিতে পারেন।

চতুর্থতঃ প্রতিদিন প্রভুর নিকটে প্রার্থনা করার জন্য নির্দিষ্ট সময় নির্ধারণ করুন যাহাতে আমাদের মন্ডলী হইতে প্রভু আরও অধিক যুবক ও যুবতীদের উত্থাপন করেন পবিত্র মন্ডলী এবং সমাজের সেবা নিয়মিত করার জন্য।

আমাদের প্রভু যীশু খ্রিষ্ট প্রার্থনা করার জন্য আদেশ করেছেন যেমন আমরা সাধু মথি তার ৯ম অধ্যায় ৩৭-৩৮ পদে পাঠ করি , " শস্য প্রচুর বটে কিন্তু কার্যকারী লোক অল্প ; অতএব শস্যক্ষেত্রের স্বামীর নিকটে প্রার্থনা কর , যেন তিনি নিজ শস্যক্ষেত্রে কার্যকারী লোক পাঠাইয়া দেন ".।

একটি ব্যক্তিগত সিদ্ধান্ত নিন যে, আপনি প্রতিদিন আপনার সন্তানদের জন্য প্রার্থনা করবেন যেন তারা ঈশ্বরের আহ্বান লাভ করে এবং জীবনের সবচেয়ে আকাঙ্খিত বিষয়রূপে তাঁর সেবা করাকে মনোনীত করে ।

পঞ্চমত : পরিশেষে খ্রীষ্টতে আমার প্রিয় ভাই ও বোনেরা, আমাদের আশার ভিত্তি হল খ্রীষ্টের পুনরুত্থান যাহা আমাদের জীবনের সবচেয়ে কঠিন প্রশ্নের উত্তর দেয়, মৃত্যুর বাইরে ও জীবনের আশা প্রদান করে।

যেহেতু তিনি জীবিত আছেন, তাই আমরা উৎসাহ , সাহস এবং আশার সহিত আগামীকালের মুখোমুখি হতে পারি। কারণ তিনি জীবিত আছেন, আমরাও জীবিত থাকিব । যেমন সাধু যোহনের ১৪:১৯ পদে বলা হয়েছে। অতএব, আপনার সমস্ত সংগ্রামের মধ্য দিয়ে যাওয়া সত্ত্বেও প্রতিটি দিন প্রত্যাশা এবং ইতিবাচক মনোভাবের সহিত জীবন যাপন করুন এবং কখনই আপনি পুনরুত্থিত প্রভুর উপর বিশ্বাস রাখতে লজ্জিত হবেন না।

আপনার আত্মিক পিতা হিসাবে, আমি এই যাত্রায় আপনাদের সাথে রয়েছি এবং প্রতিদিন আপনার জন্য প্রার্থনা করছি।

অনন্তকালের আলোতে জীবন যাপনের জন্য আমাদের পুনরুত্থিত প্রভুর দয়া ও করুণাতে আমরা প্রতিদিন শক্তিশালী হতে পারি !

পবিত্র মন্ডলীর সেবায়,
খ্রীষ্টতে আপনার পিতা,

অ্যাথানাসিয়াস ইয়োহান প্রথম মেট্রোপলিটান